মুজিবনগরে রক্তদাতাদের মাঝে গেঞ্জি প্রদান

মুজিবনগর উপজেলার ব্লাড ব্যাংক সংগঠনের সদস্যদের মাঝে গেঞ্জি প্রদান করা হয়েছে।

সংগঠনের পক্ষ থেকে সোমবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার স্কুল মার্কেট ছাদের উপর এক মতবিনিময় সভায় এ সকল গেঞ্জি প্রদান করা হয়।

এ সময় মুজিবনগর ব্লাড ব্যাংক সংগঠনের সদস্য ইকবাল হোসেন, সাইফুল ইসলাম রনি,কোষাধক্ষ মুর্শিদ আলম, সদস্য সাহাজ সাব্বির, আকাশ গাজী, সবুজ রানা, রাফিউল ইসলাম, নাহিদ, সাইদুল, ফইসাল প্রমুখ উপস্থিত ছিলেন। এ সময় ১ শত রক্তদাতাদের মাঝে গেন্জি প্রদান করা হয়।

পরে, যে কোন মানুষের বিপদে তাদের পাশে দাড়ানোর জন্য সকল সদস্যকে আহব্বান জানানো হয়।

কোটচাঁদপুর উপজেলা পরিষদের মাসিক আইন শৃঙ্খলা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা পরিষদের আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগ সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশীদ, কোটচাঁদপুর সরকারি কলেজের প্রভাষক মোঃ আলমগীর হুসাইন ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম।

সভায় পৌর এলাকাসহ উপজেলার বিভিন্ন মসজিদের ইমামদেরকে করোনা ভাইরাস প্রতিরোধে মুসল্লীদের দুরত্ব মেনে ও মাস্ক ব্যাবহার করে নামাজ আদায় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এছাড়া দ্রব্যমূল্য স্বাভাবিক রাখতে বাজার মনিটরিং এবং মানব পাচার ও মাদকের কু ফল সম্পর্কে জন সচেতনতার উপর গুরুত্ব দেয়া হয়।

সভায় বিরাজমান সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করা হয়।

অনৈতিক কাজ করায় মুজিবনগর উপজেলা তাঁতীলীগের কমিটি বিলুপ্ত

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহবায়ক কমিটি বিলুপ্ত করা হয়েছে। দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও অনৈতিক কাজে লিপ্ত থাকায় কমিটি বিলুপ্ত করা হয়। সোমবার জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদের সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এটি জানানো হয়।

এ বিষয়ে নুর ইসলাম সুবাদ জানান, সম্প্রতি আমরা জানতে পেরেছি মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহবায়ক কমিটির কয়েকজন অনৈতিক কাজের সাথে জড়িত। দলীয় ভাবমূর্তি বজায় রাখতে কেন্দ্রীয় সিদ্ধান্ত মোতাবেক কমিটি বিলুপ্ত করা হয়েছে।

প্রসঙ্গতঃ সোমবার সকালে মুজিবনগর উপজেলা তাঁতীলীগের যুগ্ম আহবায়ক বীর হেরোইনসহ পুলিশের হাতে আটক হয়।

মেহেরপুর উপজেলা চেয়ারম্যান ও শিক্ষা কর্মকর্তার সাথে শিক্ষক সমিতির সাক্ষাত

মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা শিক্ষা অফিসারের সাথে সৌজন্য সাক্ষাত করেছেন নবগঠিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি মেহেরপুর সদর উপজেলা শাখার নেতৃবৃন্দরা।

গতকাল রবিবার সংগঠনের উপজেলা কমিটির সভাপতি নুরুল ইসলাম ও সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদের নেতৃত্বে কমিটির সদস্যরা উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামের সাথে সাক্ষাত করেন।

সৌজন্য সাক্ষাতকালে কমিটির তালিকা গ্রহণ করে উপজেলা চেয়ারম্যান বলেন উপজেলাকে একটি মডেল উপজেলাতে রূপান্তর করার জন্য শিক্ষামূলক যাবতীয় কর্মকাণ্ড সম্পাদনে সার্বিক সহযোগিতাসহ বিভিন্ন পরামর্শ প্রদান করেন। নবগঠিত কমিটিকে সকল প্রকার সহযোগিতা প্রদান করবেন বলেও প্রতিশ্রুতি দেন। এর আগে গত বৃহস্পতিবার উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাত করে কমিটি তালিকা প্রদান করেন।

সাক্ষাতকালে অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি মোঃ শহীদুল ইসলাম, শিক্ষা সম্পাদক মোঃ আক্তারুজ্জামান, সাংস্কৃতিক সম্পাদক মোঃ শমসের আলী, প্রচার সম্পাদক মাসুদ রানাসহ আরও অনেকে।

মুজিবনগরে হেরোইনসহ তাঁতী লীগ নেতা বীর আটক

মেহেরপুরের মুজিবনগর থেকে ১ গ্রাম হেরোইনসহ উপজেলা তাঁতী লীগের যুগ্ম আহবায়ক আশাদুজ্জামান বীর কে আটক করেছে মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার সকাল সাড়ে ৬টার দিকে উপজেলা বল্লবপুর গ্রামের নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়। আটক বীর খেজমত আলীর ছেলে।

মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, আশাদুজ্জামান বীর হেরোইন নিয়ে তারা বাসায় অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহাজালাল খাঁনের নেতৃত্বে তার বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় তল্লাশি চালিয়ে তার বাড়িতে এক গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। এ সময় তাকে হাতেনাতে আটক করা হয়। আটকের পর তার নামে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মুজিবনগর থানায় তাকে সোপর্দ করা হয়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম তাকে আটক করে মামলা দিয়ে মুজিবনগর থানায় সোপর্দ করেছে। তাকে আদালতের মাধ্যেমে জেল হাজতে প্রেরন করা হবে।

মহানবীর (সা.) ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল

রাষ্ট্রীয় মদদে ফ্রান্সে মহানবী হযরত মুহাম্মদ (সা.)এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার রাত ৯ টায় উপজেলার কাথুলী ইউনিয়নের নওয়াপাড়া বাজারে ব্যবসায়ী ও এলাকাবাসির উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সভায় বক্তারা বলেন, ফ্রান্সে রাষ্ট্রীয় মদদে মহানবী হজরত মুহাম্মদ সা:কে কটাক্ষ করে ব্যঙ্গচিত্র প্রদর্শন করা হচ্ছে। এ ধরনের ঘটনা ঘটিয়ে বিশ^ মুসলিমের আবেগ-অনুভূতিতে আঘাত দেয়া হয়েছে। ফলে পুরো মুসলিম উম্মাহই বিক্ষুব্ধ ও প্রতিবাদমুখর হয়ে উঠেছে।

প্রকৃতপক্ষে রাসুলের প্রতি বিদ্বেষপূর্ণ আচরণ বৈশ্বিক জঙ্গিবাদ সৃষ্টির পাঁয়তারা ছাড়া আর কিছু নয়। বিক্ষুব্ধ মুসলমানদের হৃদয়ের ক্ষত মুছতে হলে অবিলম্বে ব্যঙ্গচিত্র প্রত্যাহার ও বিশ^ মুসলমানদের কাছে ফ্রান্সকে রাষ্ট্রীয়ভাবে ক্ষমা চাইতে হবে। তা না হলে সারা দুনিয়ার মুসলমানরা রাজপথে নেমে আসবে।

নওয়াপাড়া বাজারের ব্যবসায়ী লালু মিয়া বলেন, আগামি বিশ্বকাপ ফুটবল খেলায় কেউ যেন ফ্রান্সের পতাকা উত্তোলন না করে এজন্য সকলের দৃষ্টি কামনা করেন।

এসময় স্থানীয় মসজিদের ইমাম জাহিদুল ইসলাম, নওয়াপাড়া বাজার সাধারন সম্পাদক আরাফাত হোসেন,মিনাজুর রহমান মিলন,আরিফুল ইসলাম,জাহাঙ্গীর আলী,কালু মিয়া সহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

গাংনী সীমান্তে দুই কেজি গাঁজা উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে দুই কেজি গাঁজা উদ্ধার করেছে বিজিবি।

রবিবার সন্ধ্যায় সাড়ে ৭ টায় ধলা মাঠ এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় গাঁজা উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, ধলা বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ

সোলায়মান হোসেনের নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে ধলার মাঠ নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ২কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এ ঘটনার সাথে জড়িতদের সনাক্ত করার চেষ্টা চলছে। উদ্ধারকৃত দুই কেজি গাঁজা আনুমানিক মূল্যে প্রায় ৫৬ হাজার টাকা।

উদ্দেশ্যে প্রণোদিত মেডিক্যাল রিপোর্ট প্রদানের অভিযোগ

উদ্দেশ্যে প্রণোদিত হয়ে মেডিক্যাল প্রতিবেদন দেওয়ায় হয়রানির শিকার হচ্ছেন কাঞ্চন খাতুন (৫৫) নামের এক বয়স্ক নারী। অথচ মাথায় ১৫টি সেলাইয়ের যন্ত্রণায় কাতরাচ্ছেন তিনি। উল্টো দিকে কোন ক্ষত না থাকলে বিবাদী পক্ষকে সুবিধা দিতে গুরতর জখমের প্রতিবেদন দিয়েছেন লোপা সাহা নামের এক চিকিৎসক।

অভিযুক্ত লোপা সাহা মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেকক্সে ইমার্জেন্সী মেডিক্যাল অফিসার হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি বদলি হয়ে অন্যত্র চলে গেছেন। কিন্তু তাঁর ওই প্রতিবেদনের ফলে ভুক্তভোগী কাঞ্চন খাতুন উপযুক্ত বিচার পাচ্ছেন না। পক্ষান্তেও, বিবাদীর পক্ষে মামলায় তিনি হয়রানির শিকার হচ্ছেন।

এ ঘটনায় পুন:প্রতিবেদনের জন্য মেহেরপুর সিভিল সার্জনের কাছে আবেদন করেছেন ভুক্তভোগী কাঞ্চন খাতুন।

আবেদনে তিনি উল্লেখ করেছেন, বিরোধী পক্ষের কাছে টাকা খেয়ে হত্যার উদ্যেশ্যে করা মারাক্তক আঘাত কে সাধারণ ক্ষত বলে মেডিক্যাল রিপোর্টে উল্লেখ করেন। ঘটনাটি ঘটে গত ৩০/০৩/২০২০ ইং তারিখে।

ঘটনার বিবরণে জানা যায়, চলতি বছরের গত ৩০ মার্চ কাঞ্চন খাতুনের স্বামী আইয়ুব হোসেন ক্রয় জমি দখলের চেষ্টা করছেন তাদের শরিক

জামিরুল ইসলাম, গোলাম হোসেন, শফিকুল ইসলাম, শমের আলি, সজিব জমি দখল করে নেওয়ার জন্য বেড়া দিচ্ছেন। এ সময় তিনি বাধা দিলে তাকে হত্যার উদ্যেশ্যে দখল কারীরা হামলা করেন। এতে কাঞ্চন খাতুনসহ তার স্বামী গুরুতর আহত হলে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হন। এ সময় করোনা পরিস্থিতিতে আদালতে বন্ধ থাকায় মামলা দায়ের করা সম্ভব হয়নি। পরে ১৪/০৭/২০২০ তারিখে মুজিবনগর থানায় মামলা দায়ের করেন যার সি.আর নং- ৬৫/২০।

মামলার সুরতহালের জন্য মেডিক্যাল রিপোর্ট চাইলে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডা. লোপা সাহা সাধারণ ক্ষত উল্লেখ করে মেডিক্যাল রিপোর্ট দেন। কিন্তু কাঞ্চন খাতুনের মাথায় দুটি ক্ষতস্থানে ১৫ টি সেলাই হয়। তা সত্ত্বেও মেডেক্যাল অফিসার ডা. লোপা সাহা সাধারণ ক্ষত উল্লেখ করে মেডিক্যাল রিপোর্ট দেন।
তিনি অভিযোগ করে বলেন, উল্টোপক্ষে টাকার বিনিময়ে গুরতর ক্ষতের পরিবর্তে বিরোধী পক্ষের ব্লেডে কাটা একটি সেলাই এবং ১২ বছর আগে দাত ভাঙাটিকে এখনকার বলে চালিয়ে দিয়েছেন।

তবে অভিযুক্ত চিকিৎসক লোপা সাহা অন্যত্র বদলি হয়ে যাওয়ায় তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

কাঞ্চন খাতুনের আইনজীবী আব্দুল আলিম জানান, বিবাদীর পুত্র সন্তান না থাকায় তারা দুই মেয়ের নামে জমি দান করেন। এটা তাদের শরিকরা মেনে নিতে না পেরে জমি দখলে চেষ্টা করেন। বাধা দিলে তারা হামলা চালিয়ে কাঞ্চন ও তার স্বামী আইয়ুবকে রক্তাক্ত জখম করে। যেখানে কাঞ্চনের মাথায় ১৫টি সেলাই হয়। অথচ চিকিৎসক সাধারণ জখম বলে চালিয়ে দেন। কিন্তু বিবাদি পক্ষের সাধারণ ক্ষত হলেও তাদের গুরতর জখম হিসেবে প্রতিবেদন দিয়েছেন।

ফলে পুলিশ প্রাথমিক তদন্তের বাদি পক্ষের বিরুদ্ধে প্রতিবেদন আদালতে জমা দেয়। যে কারণে আমরা নারাজি দিয়ে পুনরায় তদেন্তর আবেদন করি। আদালত আমাদের আবেদনের ফলে সিআইডি পুনরায় তদন্তের নির্দেশ দিয়েছেন।

মেহেরপুরের সিভিল সার্জন নাসির উদ্দিন জানান, এ সংক্রান্ত একটি আবেদন পেয়েছি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় মাস্ক ছাড়া দাপ্তরিক সেবা ও বাজারে বেচাকেনা বন্ধ

‘মাস্ক ছাড়া দাপ্তরিক সেবা ও বাজারে বেচাকেনা হবে না’ বলে ঘোষণা দিয়েছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

রবিবার সকালে জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় তিনি এ ঘোষণা দেন। এসময় তিনি বলেন, সারা বিশে^র অভিজ্ঞতা থেকে অনুমান করা যাচ্ছে আসন্ন শীতে করোনা পরিস্থিতির অবনতি হতে পারে।

এ কারণে এখন থেকেই সচেতন হতে হবে। এজন্য মাস্ক ছাড়া সব ধরণের দাপ্তরিক সেবা ও বেচাকেনা বন্ধ করতে হবে।

জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত ছিলেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম, সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান।